# <u>খসড়া</u>

# পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা

## ভূমিকা

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের জন্য যুগোপযোগী নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গত ১৫/০৫/২০১৬, ২৭/০৩/২০১৭ এবং ০৬/০২/২০১৯ তারিখে কমিশনের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লাকে আহ্বায়ক করিয়া এবং সদস্যবৃন্দ যাহাদের নাম নিম্নে উল্লেখ করা হইয়াছে তাহাদের সমন্বয়ে দুইবার ৬ (ছয়) সদস্যবিশিষ্ট কমিটি পুনর্গঠন করা হয়। উল্লেখ্য যে, অনিবার্যকারণবশত উল্লিখিত তিনটি কমিটিতে দুইবার সদস্য-সচিব এবং একবার সাচিবিক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পরিবর্তিত হয়। প্রথম কমিটিতে সদস্য-সচিব ছিলেন জনাব ফেরদৌস জামান এবং সাচিবিক দায়িত্ব পালন করেন মো. রবিউল ইসলাম। পরবর্তীতে শুধুমাত্র সদস্য-সচিব পরিবর্তন করে জনাব খন্দকার হামিদুর রহমানকে অন্তর্ভুক্ত করা হয়। তৃতীয় কমিটিতে সদস্য-সচিব হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন জনাব মো. কামাল হোসেন এবং সাচিবিক দায়িত্ব অর্পণ করা হয় জনাব মোঃ জামাল উদ্দিনকে। ০৬/০২/২০১৯ তারিখের ইউজিসি/প্রশা:/পাব: বিশ্ব:/৪৬০ (অংশ-৫)/২০১৫/৬৪৩০ নং স্মারকে গঠিত কমিটি নিম্নে দেওয়া হইল:

| | | | |
|---|---|---|---|
| ০১। | প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা<br>সদস্য, ইউজিসি, ঢাকা; | - | আহ্বায়ক |
| ০২। | প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, ইউজিসি, ঢাকা; | - | সদস্য |
| ০৩। | প্রফেসর ড. মোঃ আখতার হোসেন<br>সদস্য, ইউজিসি, ঢাকা; | - | সদস্য |
| ০৪। | প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি<br>সদস্য, ইউজিসি, ঢাকা; | - | সদস্য |
| ০৫। | ড. মোঃ খালেদ<br>সচিব, ইউজিসি, ঢাকা; | - | সদস্য |
| ০৬। | জনাব মো. কামাল হোসেন<br>পরিচালক, ইউজিসি, ঢাকা। | - | সদস্য-সচিব |

কমিটি একাধিক সভায় মিলিত হইয়া বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংগৃহীত এই সংক্রান্ত নীতিমালা এবং কমিশনের নীতিমালা পরীক্ষা-নিরীক্ষা ও আলোচনা-পর্যালোচনা করিয়া একটি খসড়া নির্দেশিকা প্রণয়ন করে। প্রণীত নির্দেশিকার উপর বিশ্ববিদ্যালয়সমূহের মাননীয় উপাচার্যবৃন্দ, ফেডারেশনের নেতৃবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক এবং স্টেকহোল্ডারদের সহিত একাধিক সভায় মিলিত হইয়া বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উপস্থাপিত নির্দেশিকা সেই প্রচেষ্টারই প্রত্যক্ষ ফসল। নির্দেশিকা প্রণয়নের মতো একটি দুরূহ কাজ সম্পন্ন করিতে কমিশনের মাননীয় চেয়ারম্যান কমিটিকে সার্বিকভাবে সহযোগিতা করিয়াছেন। তাছাড়া বিশ্ববিদ্যালয় ফেডারেশনের নেতৃবৃন্দ ও শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বিভিন্নভাবে কমিটিকে সহযোগিতা করিয়াছেন। কমিটির আহ্বায়ক হিসাবে তাহাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

সংজ্ঞা:- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) "অনুষদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(খ) "ইন্সটিটিউট" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন ইন্সটিটিউট;

(গ) "ইমপ্যাক্ট ফ্যাক্টর" অর্থ কোন জার্নালের মান নির্ণয়ের পদ্ধতি। প্রতি বছর কোন জার্নালের Citation এর ভিত্তিতে ইমপ্যাক্ট ফ্যাক্টর নির্ণয় করা হইয়া থাকে;

(ঘ) "একাডেমিক কাউন্সিল" অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(ঙ) "কর্তৃপক্ষ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ;

(চ) "কেন্দ্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র;

(ছ) "কমিশন" অর্থ "বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন" যাহা University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973) এর দ্বারা গঠিত;

(জ) "চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;

(ঝ) "পদ" অর্থ নির্দেশিকায় উল্লিখিত কোন পদ;

(ঞ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ নির্দেশিকায় কোন পদের বিপরীতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতা;

(ট) 'পিয়ার রিভিউড জার্নাল' অর্থ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ শিক্ষক/বিশেষজ্ঞ কর্তৃক সুপারিশকৃত প্রকাশনা;

(ঠ) "First Author/Corresponding Author" অর্থ যিনি মূলত গবেষণা কর্মটি সম্পন্ন করিয়াছেন বা সম্পন্ন করিতে সুপারভাইজ করিয়াছেন;

(ড) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন একাডেমিক বিভাগ;

(ঢ) "বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ" অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973);

(ণ) "বোর্ড" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন শিক্ষা বোর্ড;

(ত) "ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(থ) "রেজিস্ট্রার" অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(দ) "শিক্ষাছুটি" অর্থ ডিগ্রি অর্জনের লক্ষ্যে পূর্ণ বেতনে ছুটিকে বুঝাইবে;

(ধ) "শিক্ষক" অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোন ব্যক্তি;

(ন) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত কোন ছাত্র বা ছাত্রী;

(প) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর;

(ফ) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

(ব) "সিলেকশন কমিটি" অর্থ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি;

(ভ) "সক্রিয় শিক্ষকতা" অর্থ শ্রেণিকক্ষে পাঠদান অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কালকে বুঝাইবে;

(ম) 'Scopus Indexed জার্নাল' অর্থ Elsevier প্রকাশনা সংস্থা কর্তৃক সারা বিশ্বে নিবন্ধনকৃত জার্নালের Bibliographical Database কে বুঝাইবে।

## ২। সাধারণ নিয়মাবলি:

১) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকিতে হইবে। কলা অনুষদভুক্ত নৃত্যকলা, চারুকলা, সঙ্গীত ও নাট্যকলা বিভাগসমূহে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় যৌথভাবে ন্যূনতম জিপিএ ৭.০০ থাকিতে হইবে। তবে কোন পর্যায়ে জিপিএ ৩.০০ এর কম থাকিতে পারিবে না;

২) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং/সমমান পরীক্ষায় পাসকৃত আবেদনকারীকে এসএসসি/সমমান এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং/সমমান উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ৯.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৮.০০ থাকিতে হইবে;

৩) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে;

৪) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হইবে না;

৫) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাইবে না;

৬) সক্রিয় শিক্ষকতা বলিতে শ্রেণিকক্ষে পাঠদান অথবা উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পূর্ণবেতনে শিক্ষাছুটির সময়কালকে বুঝাইবে যদি সংশ্লিষ্ট শিক্ষক অর্জিত ডিগ্রি সম্পন্ন করিয়া কাজে যোগদান করেন;

৭) গবেষণা প্রতিষ্ঠান থেকে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে;

৮) শিক্ষাছুটি নিয়ে কোন শিক্ষক Postdoctoral Fellowship Program এ অংশগ্রহণ করিলে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করা হইবে এবং এই সুযোগ কেবলমাত্র ০১(এক) বার গ্রহণ করিতে পারিবেন। তবে ইতোপূর্বে প্রদেয় বন্ড পিরিয়ড অতিক্রান্ত হইবার পর Postdoctoral Fellowship Program এ যাইতে পারিবেন;

৯) শিক্ষাছুটি বলিতে ডিগ্রি অর্জনের লক্ষ্যে মঞ্জুরকৃত পূর্ণ বেতনে ছুটিকে বুঝাইবে। এই ছুটি মাস্টার্স ও পিএইচডিসহ সর্বমোট ৫ (পাঁচ) বৎসর হইবে। তবে শুধুমাত্র পিএইচডি ডিগ্রির জন্য সর্বোচ্চ ০৪ (চার) বৎসর শিক্ষাছুটি পাওয়া যাইবে;

১০) বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটিকে সক্রিয় শিক্ষাকাল বলিয়া বিবেচিত হইবে না;

১১) আর্কিটেকচার, চারুকলা, নাট্যকলা, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ, সঙ্গীত, নৃত্যকলা, ফিল্ম এন্ড মিডিয়া সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রতিযোগিতা, প্রদর্শনী ও পরিবেশনায় অংশগ্রহণপূর্বক প্রযোজনা, উপস্থাপনা ও রচনার জন্য অর্জিত পুরস্কার/ক্যাটালগ/সার্টিফিকেট মূল্যায়ন সাপেক্ষে প্রকাশনা হিসাবে বিবেচনা করা যাইবে;

১২) বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাইবে;

১৩) বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাইবে (এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত);

১৪) যেই সকল বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্নাতক ডিগ্রিপ্রাপ্তদেরকে প্রভাষক হিসাবে নিয়োগ প্রদান করা হয় সেই ক্ষেত্রে এই নির্দেশিকা প্রজ্ঞাপিত হইবার তারিখ হইতে সর্বোচ্চ ০২(দুই) বছর পর্যন্ত প্রচলিত নিয়ম অনুযায়ী প্রভাষক পদে নিয়োগ করা যাইবে। তবে দুই বছর অতিক্রান্ত হইবার অব্যবহিত পরে নির্দেশিকা অনুযায়ী প্রভাষক নিয়োগ করিতে হইবে;

১৫) শিক্ষক নিয়োগের কোন ধাপে নিয়মিত পদ সম্পূর্ণরূপে পূর্ণ হইলে আপগ্রেডেশন করা যাইবে;

১৬) যেইহেতু গ্রেড-২ এবং গ্রেড-১ পদোন্নতি হিসাবে অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিবেচিত সেইহেতু, গ্রেড-২ এবং গ্রেড-১ অধ্যাপক পদে লেটারাল (Lateral) বা সরাসরি নিয়োগ গ্রহণযোগ্য হইবে না;

১৭) বাংলাদেশ বিশ্ববদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতিক্রমে দেশি-বিদেশি প্রতিথযশা (Outstanding) ব্যক্তিবর্গকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ চুক্তিভিত্তিতে Distinguished Professor হিসাবে নিয়োগ করিতে পারিবেন;

১৮) বিশেষায়িত বিষয়ের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতিক্রমে দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে শিক্ষকতার বিভিন্ন ধাপে চুক্তিভিত্তিতে নিয়োগ করা যাইবে;

১৯) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করিয়া কোন পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাইবে না।

৩। বিজ্ঞপ্তির মাধ্যমে প্রভাষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: প্রভাষক | |
|---|---|
| ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/সামাজিক/ বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) মানবিক অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। |
| খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>অথবা,<br>স্থাপত্য বিভাগে ৫ বৎসর মেয়াদী পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। |
| গ) মেডিসিন | ১. MBBS/সমমান এবং স্নাতকোত্তর ডিগ্রি যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।<br>**ক্লিনিক্যাল বিষয়:** MBBS/সমমান এবং নির্দিষ্ট বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকিতে হইবে। |
| ঘ) কৃষি/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। |

**বিশেষ দ্রষ্টব্য:**

১) এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোন শর্ত কোনভাবেই শিথিলযোগ্য হইবে না;

২) বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোন বিভাগে প্রভাষক নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে একটি শর্টলিস্ট তৈরি করিয়া সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে পারিবেন।

৪। বিজ্ঞপ্তির মাধ্যমে সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: সহকারী অধ্যাপক | |
|---|---|
| ক) বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/সামাজিক/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। |

| | |
|---|---|
| | খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩(তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২(দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে । শুধুমাত্র স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২(দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| গ) মেডিসিন | ১. MBBS/সমমান এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩(তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. MPhil/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. PhD/DPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. **ক্লিনিক্যাল বিষয়:**<br>MBBS/সমমান এবং নির্দিষ্ট বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (FCPS, MS, MPhil, MD/সমমান) যাহা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত/অনুমোদিত।<br>৫. সকল ক্ষেত্রে স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| ঘ) কৃষি/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে ।<br>২. ডিভিএম/সমমান সংশ্লিষ্ট অনুষদের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. আবেদনকারী যদি মাস্টার্স/সমতুল্য ডিগ্রি অর্জন করেন তাহা হইলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | |
|---|---|
| | ৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৬. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |

৫। বিজ্ঞপ্তির মাধ্যমে সহযোগী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: সহযোগী অধ্যাপক | |
|---|---|
| ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/ কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/ আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/সামাজিক/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে । উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| (খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। শুধুমাত্র স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৪ (চার) বৎসরসহ ন্যূনতম ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬(ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৩ (তিন) |

| | |
|---|---|
| | টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২(দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| গ) মেডিসিন | ১. MBBS/সমমান এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. MPhil/সমমান ডিগ্রিধারী আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. PhD/DPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৪ (চার) বৎসরসহ ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৪. **ক্লিনিক্যাল বিষয়:**<br>MBBS/সমমান এবং নির্দিষ্ট বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (FCPS, MS, MPhil, MRCP, FRCS, MRCOG, DMRT, DRMD, DPM/সমমান) যাহা মেডিকেল বা ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত/অনুমোদিত।<br>৫. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে । সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| ঘ) কৃষি বিশ্ববিদ্যালয়/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. ৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. ৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. MPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ৬(ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে । সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২(দুই) টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

৬। বিজ্ঞপ্তির মাধ্যমে অধ্যাপক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

| পদের নাম: অধ্যাপক (গ্রেড-৩) | |
|---|---|
| ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/কলা ও মানবিক/ বিজনেস স্টাডিজ/ চারুকলা/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/সামাজিক/ বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>খ) কলা ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতের) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২(বার) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| খ) ইঞ্জিনিয়ারিং/ আর্কিটেকচার/নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক অনুষদভুক্ত বিভাগসমূহ | ১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। শুধুমাত্র স্থাপত্য বিভাগে ০৫ বৎসর মেয়াদী পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>২. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ন্যূনতম ১৭ (সতের) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| গ) মেডিসিন | ১. MBBS/সমমান এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | |
|---|---|
| | ২. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম মোট ১৭ (সতের) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. PhD/DPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. **ক্লিনিক্যাল বিষয়:**<br>MBBS/সমমান এবং নির্দিষ্ট বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (FCPS, MS, MPhil, MRCP, FRCS, MRCOG, DMRT, DRMD, DPM/সমমান) যাহা মেডিকেল বা ডেন্টাল কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত/অনুমোদিত।<br>৫. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে । উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টিপ্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| ঘ) কৃষি বিশ্ববিদ্যালয়/কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয় | ১. ৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. ৫ (পাঁচ) বৎসর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম মোট ১৭ (সতের) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে এবং যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে । মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |

৭। পদোন্নয়ন/আপগ্রেডেশন এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

| | |
|---|---|
| প্রভাষক হইতে সহকারী অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| | |
|---|---|
| | ৪. প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। যাহার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| সহকারী অধ্যাপক<br>হইতে<br>সহযোগী অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে ।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে । সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০২(দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| সহযোগী অধ্যাপক<br>হইতে<br>অধ্যাপক | ১. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>২. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১৭ (সতের) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২(বার) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে , যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে । উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Scopus Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| গ্রেড -৩ থেকে<br>গ্রেড-২ অধ্যাপক পদে<br>পদোন্নতি | প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অধ্যাপক পদে পদোন্নতি/পদায়নের পরে অধ্যাপক পদে ন্যূনতম ৪(চার) বৎসর চাকুরি (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) এবং স্বীকৃত জার্নালে বিষয়ভিত্তিক গবেষণাধর্মী ২টি নুতন আর্টিকেল প্রকাশের শর্তে জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় গ্রেড প্রাপ্ত হইবেন।<br>**(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত)** |
| গ্রেড -২ থেকে<br>গ্রেড-১ অধ্যাপক পদে<br>পদোন্নতি | দ্বিতীয় গ্রেডধারী অধ্যাপকগণ মোট চাকুরিকাল (কোয়ালিফাইং চাকুরির মেয়াদ) ন্যূনতম ২০ বৎসর এবং ২য় গ্রেডের সর্বশেষ সীমায় পৌঁছানোর দুই বৎসর পর জ্যেষ্ঠতার ভিত্তিতে ১ম গ্রেড প্রাপ্ত হইবেন। তবে এই সংখ্যা মোট অধ্যাপকের ২৫% এর বেশি হইবে না।<br>**(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-১ শাখা কর্তৃক ০৪-০৪-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৫.২০১৫-৮৮ নম্বর স্মারকে জারিকৃত)** |